# বিআর৫

বিআর৫ চাষ করে
পোলাও হবে ঘরে ঘরে

## জাত পরিচিতি

বিআর৫ আমন মৌসুমের ধান। স্থানীয় বাদশাভোগ ধান থেকে বিশুদ্ধ সারি বাছাইকরণের পদ্ধতিতে বিআর৫ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৭৬ সালে উদ্ভাবন করে। জাতটির জনপ্রিয় নাম দুলাভোগ।



বিআর৫

## জাতের বৈশিষ্ট্য

- এটি একটি আলোক সংবেদনশীল জাত।
- এ ধানের চালে সুগন্ধ আছে বিধায় পোলাও করার জন্য খুবই উপযোগী।
- এর উচ্চতা ১২০ সেন্টিমিটার।
- চাল ছোট ও গোলাকৃতি।

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

বিআর৫ একটি আলোক সংবেদনশীল জাত বলে ভাদ্র মাসের মাঝামাঝি পর্যন্ত বপন করে ভাল ফলন পাওয়া যাবে। অর্থাৎ নাবী চাষের জন্যও এ জাতটি উপযুক্ত। ফলনও স্থানীয় জাতের তুলনায় প্রায় দ্বিগুণ এবং বাজার মূল্য ভাল বিধায় এ জাত চাষ করে কৃষকগণ লাভবান হতে পারেন।



## জীবনকাল

এ জাতের জীবনকাল ১৫০ দিন ।

## ফলন

হেক্টর প্রতি ৩ টন।

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজ তলায় বীজ বপন :** ১০-১৫ শ্রাবণ (২৫-৩০ জুলাই)।

২. **চারার বয়স :** ২৫-৩০ দিন।

৩. রোপণ দূরত্ব **:** ২৫X১৫ সেন্টিমিটার।

৪. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):**

৪.১

| ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | জিংক |
|---|---|---|---|---|
| ২০ | ১৩ | ৯ | ৮ | ১.৫ |

৪.২ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৬০ দিন পর প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করা উত্তম।

৫. **আগাছা দমন :** রোপণের পর অন্তত ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখা আবশ্যক।

৬. **সেচ ব্যবস্থাপনা :** ধানের চাল শক্ত হওয়া পর্যন্ত প্রয়োজনে সম্পূরক সেচ দিতে হবে।

৭. **রোগবালাই দমন :** বিআর৫ টুংরো ও ব্লাস্ট রোগ প্রতিরোধশীল জাত।

৮. **ফসল পাকা ও কাটা :** ১০-১৫ অগ্রহায়ণ (২৫-৩০ নভেম্বর)।

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@ brri.gov.bd